দৈনিক বাংলা

তারিখ 0 8 JUN 1992
পৃষ্ঠা ১ কলাম ২

# উদয়নের সামনে গুলি বোমা ঃ তিন স্কুল ছাত্র আহত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ সন্ত্রাসীদের গুলিবর্ষণে রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ে গুরুতর আহত হয়েছে তিন স্কুল ছাত্র।

অজ্ঞাতনামা অস্ত্রধারীরা জগন্নাথ হলের পাশে শিল্পী শামীম শিকদারের বাসভবনের সামনে এসে এলোপাতাড়ি গুলিবর্ষণ শুরু করলে এরা বুলেটবিদ্ধ হয়।

অস্ত্রধারীদের পরিচয় জানা যায়নি। তবে আওয়ামী লীগের তিন নেতার বিরুদ্ধে সিরাজ শিকদার হত্যা মামলা দায়েরের সঙ্গে এ ঘটনার সংযোগ রয়েছে বলে ধারণা করা হচ্ছে। শিল্পী শামীম শিকদার সিরাজ শিকদারের বোন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউটের শিক্ষক। বুলেটবিদ্ধ তিন স্কুল ছাত্রকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এরা হচ্ছে

(৭-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## উদয়নের সামনে গুলি

( প্রথম পৃষ্ঠার পর )

নীলক্ষেত স্কুলের তৃতীয় শ্রেণীর ছাত্র তাপস রায় (৯), চতুর্থ শ্রেণীর ছাত্র জনি পাল এবং উদয়ন স্কুলের তৃতীয় শ্রেণীর ছাত্র মীর আহসান কবির (১০)। স্কুল থেকে বাসায় ফেরার পথে এরা বুলেটবিদ্ধ হয়। তাপসের ডান উরুতে, জনির বাম হাতে এবং আহসান কবিরের বাম পায়ে গুলি লাগে।

ঘটনার প্রত্যক্ষদর্শীরা জানান, কয়েক-জন অস্ত্রধারী সকাল সাড়ে দশটায় উদয়ন স্কুলের নতুন ভবনের পেছনে শিল্পী শামীম শিকদারের বাংলোর সামনে এসে এলোপাতাড়ি গুলিবর্ষণ শুরু করে। এরা কয়েকটি হাতবোমার বিস্ফোরণও ঘটায়। এ সময় উদয়ন স্কুলের অনেক ছাত্র–ছাত্রী ঘটনাস্থলের আশপাশে দাঁড়িয়েছিল। সঙ্গে ছিলেন তাদের অভিভাবকরা। আতংকিত ছাত্র–ছাত্রী ও অভিভাবকদের চিৎকার ও ছোটাছুটির মধ্যে অস্ত্রধারীরা দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে। উদয়ন স্কুলের ছাত্র–ছাত্রী ও অভিভাবকদের মধ্যে এ ঘটনায় তীব্র আতংকের সৃষ্টি হয়েছে।

ছাত্রলীগ (আজাদ–অনি) এক বিবৃতিতে এই নৃশংস ঘটনার তীব্র নিন্দা করেছে এবং এর জন্যে এসএম হলে অবস্থানরত একটি সন্ত্রাসী গ্রুপকে দায়ী করেছে।

//